**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 DECEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

এক দেশ এক নির্বাচন বিল গতকাল লোকসভায় পাশ হয়েছে । এই বিলের পক্ষ ২৬৯টি এবং বিপক্ষে একশ ৯৮টি ভোট পড়েছে । কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘোওয়াল এই বিল উত্থাপন করার পর বিরোধী কংগ্রেস , তৃণমূল কংগ্রেস , সমাজবাদী পার্টি , ডি এম কে , উদ্ধবপন্থী শিবসেনা , সি পি এম ও অন্যান্য বিরোধী দলগুলি তীব্র বিরোধীতা করে । বিরোধী পক্ষ বিলটি সংবিধানের মৌলিক পরিকাঠামোতে আঘাত আনছে বলে অভিযোগ করে একে যৌথ সংসদীয় সমিতির বিবেচনার জন্য পাঠাতে দাবী জানায় । এর পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ ওম বিরলা সভায় আলোচনার প্রস্তাব রাখেন ।

---

ভারত ও ভূটান সভ্যতা কেন্দ্রীক সৌহার্দ্যের সম্পর্কের বন্ধনে বাঁধা রয়েছে । আগামী সময়ে উভয় দেশ পারস্পরিক সহযোগিতা বজায় রেখে উন্নয়নের শিখরে গিয়ে উপনীত হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আশা প্রকাশ করেন । উল্লেখ্য ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুকের

আমন্ত্রনে চারদিনের সরকারী সফরসূচী নিয়ে মুক্যমন্ত্রী ডক্টর শর্মা ভূটান সফরে রয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ভূটানের প্রধানমন্ত্রী দাসো শেরিং টবগে এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের অ্যাডভান্টেজ আসাম সম্মেলন-২০২৫এর জন্য আমন্ত্রণ জানিয়েছেন । তার এই সফরকালে ডঃ শর্মা আসামের কোকরাঝাড় থেকে ভূটানের গেলেফু পর্যন্ত প্রস্তাবিত রেলপথ নির্মাণ সম্পর্কে সেদেশের নেতৃবর্গের সঙ্গে আলোচনা করা সহ আসাম তথা ভারতের সঙ্গে ভূটানের সম্পর্ক উন্নত করার জন্য মুখ্যমন্ত্রী ভুটানের রাজা ও প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় করেছেন ।

---

২০২৪-২৫ বর্ষের জন্য আসামের যোগ্য সমবায় সমিতিগুলির পক্ষ থেকে আর্থিক সাহায্যের জন্য আবেদন দাখিলের সময়সীমা হচ্ছে আগামী কুড়ি ডিসেম্বর । সুবিধা প্রাপক আসাম সমবায় সমিতি আইন-২০০৭ এর অধীনে পঞ্জীয়নভুক্ত সমবায় সমিতি সমূহ এরজন্যে আবেদন করতে পারবে । তবে এরজন্যে সমবায় সমিতিগুলির ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের বিধিসম্মত পরীক্ষা হওয়াটা বাঞ্ছনীয় । এছাড়া বিগত তিন বছর ধরে নিয়মিতভাবে বার্ষিক সাধারণ সভা আয়োজন করা সমিতিগুলিকেই এই সাহায্যের জন্য যোগ্য বিবেচনা করা হবে । সাধারণ ক্ষেত্রের সমবায় সমিতিগুলির সঙ্গে রাজ্য পর্যায়ের যোগ্য সমবায় সমিতিগুলি www.farcs.assam.gov.in এর মাধ্যমে এই আর্থিক সাহায্যের জন্য অনলাইনে আবেদন করতে পারবে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল থেকে আগামী ২৪শে ডিসেম্বর পর্য্যন্ত সু-শাসন সপ্তাহ পালন করা হবে । এ উপলক্ষ্যে উন্নয়ন

খন্ড , চক্র আধিকারীকের কার্য্যলয় , গ্রাম পঞ্চায়েত কার্য্যলয় এবং অন্যান্য সরকারী কার্য্যলয়ে জনগনের বিভিন্ন অভাব-অভিযোগের নিষ্পত্তি করা হবে । উল্লেখ্য এবছর সুশাসন সপ্তাহ পালনের বিষয় হচ্ছে - প্রশাসন গাও কি ওর- ২০২৪ ।

---

জাতীয় শিশু অধিকার আয়োগের উদ্যোগে আগামী ২৬শে ডিসেম্বর দক্ষিন হাইলাকান্দি উন্নয়ন খন্ডে শিশু অধিকার সুনিশ্চিত করা সর্ম্পকে একটি শিবির অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে রাজ্য শিশু অধিকার আয়োগের সদস্য অজয় কুমার দত্তের পৌরহিত্যে গতকাল হাইলাকান্দির জেলার আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত সভায় জানানো হয় যে শিশুদের অধিকার সংক্রান্ত কোন আবেদন পত্র জমা পড়ে থাকলে , তা আগামী ২৬শে ডিসেম্বর নিষ্পত্তি করা হবে । এছাড়া শিশুদের সামাজিক সুরক্ষার জন্য সরকারের যে ৩৬টি প্রকল্প রয়েছে , সেগুলি শিশুদের জন্য সুনিশ্চিত করতে বিভাগীয় আধিকারীকদের পরামর্শ দেওয়া হয়েছে ।  সভায় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর , অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং সীমান্ত সুরক্ষা বাহিনী , স্বেচ্ছাসেবী সংস্থা পাটকাই ট্রেকার্স ও বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের সহযোগীতায় আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে সিপাহী বিদ্রোহের শহীদদের স্মরন করা হবে । এ উপলক্ষ্যে আজ সকাল ১০টায় মালেগড় টিলার শহীদ বেদীতে পর্ষ্পাঘ অর্পন , ১৬৪টি প্রদীপ প্রজ্বোলন এবং সীমান্ত সুরক্ষা বাহিনীর জওয়ানদের পক্ষ থেকে গার্ড অফ ওনার প্রর্দশন করা হবে । এরপর সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে ।

এছাড়া বি এস এফ-এর পক্ষ থেকে অস্ত্র প্রর্দশনীরও আয়োজন করা হয়েছে ।